
রঘুনাথ চক্রবর্তী জন্মশতবর্ষে শ্রদ্ধা

# যে বটগাছ সর্বকালীন



# যে বটগাছ সর্বকালীন

সম্পাদনা

অমিত চক্রবর্তী

দীপন রায়

অদিতি ঘোষ দস্তিদার

ভ্রমণপিপাসু প্রকাশনী

ডিএল-১০/১, সেক্টর-২, সল্টলেক

কলকাতা-৭০০ ০৯১

# যে বটগাছ সর্বকালীন

Je Botgach Sorbokalin

প্রথম প্রকাশ - ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৯ । ১৫ জুন, ২০২২

গ্রন্থস্বত্ব ঃ প্রকাশক

(প্রকাশকের অনুমতি ব্যতিরেকে এই বইয়ের কোনো অংশ মুদ্রণ বা প্রতিলিপিকরণ আইন অনুযায়ী করা যাবে না)

প্রচ্ছদ - পীযূষ দাস

ভ্রমণপিপাসু প্রকাশনীর পক্ষে
মিলন গঙ্গোপাধ্যায় ও রুমা চক্রবর্তী কর্তৃক প্রকাশিত
কর্মসচিব ঃ সমীর দাস

অক্ষর বিন্যাস ও মুদ্রণ
**ডিজিটাল ওয়ার্ল্ড**
৬৩/২বি, সূর্য সেন স্ট্রীট, কলকাতা - ৭০০ ০০৯
ফোন - ৯৯০৩২ ০৩২৬২

প্রাপ্তিস্থান ও প্রকাশক
**ভ্রমণপিপাসু প্রকাশনী**
ডিএল-১০/১, সেক্টর-২, সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১
মোবাইল ঃ ৮৬৯৭১৬৬৭১৩, ৮৯১০১৫৫৩৫৫, ৯৮৭৫৩৬৪৫৩১

ISBN - 978-81-954735-3-3

বিনিময় ঃ ২৫০ টাকা

শ্রী রঘুনাথ চক্রবর্তী। আমরা দুই ভাই বোন ধন্য তাঁকে বাবা হিসেবে জীবনে পেয়েছি বলে।নানাবিধ বিষয়ে অসীম জ্ঞানের অধিকারী মানুষটি আসলে ছিলেন একজন আধুনিক স্বচ্ছ মনের মানুষ। সমাজ বদলের স্বপ্ন নিয়ে আজীবন বেঁচেছিলেন, সত্যের আলো চোখে জ্বালিয়ে মানুষের পাশে থেকেছেন আপ্রাণ।

বাবা যেমন অংকে ছিলেন তুখোড়, তেমনি সাহিত্যেও পান্ডিত্য ছিল প্রচুর। ভীষণ ভাল নাটক করতেন, ভারতীয় গণনাট্যের একজন উজ্জ্বল নাট্যকর্মী।

বাবার একান্ত সুহৃদ ছিলেন আমাদের মেজোমামা, স্বনামধন্য শ্রী সলিল চৌধুরী, যাঁর আলাদা করে পরিচয় দেবার কোন দরকার পড়েনা।

বাবার জন্মশতবর্ষে তাঁর সাহিত্য আর নাট্য অনুরাগের কথা মাথায় রেখে আমরা দুই ভাই বোন অমিত চক্রবর্তী আর অদিতি ঘোষদস্তিদার আয়োজন করেছিলাম "রঘুনাথ চক্রবর্তী স্মৃতি প্রতিযোগিতা।"

কবিতা বিভাগে বিচারক ছিলেন পুত্র অমিত চক্রবর্তী, যিনি নিজে একজন সুপরিচিত কবি; নাটক নির্বাচন করেছেন নিউ জার্সির প্রসিদ্ধ নাট্য ব্যক্তিত্ব দীপন রায়।

সেই প্রতিযোগিতায় নির্বাচিত আঠাশটি কবিতা (সনেট) আর পনেরোটি শ্রুতিনাটক নিয়ে এই সঙ্কলন - পাঠকদের মন ছুঁতে পারলে আমাদের প্রচেষ্টা সার্থক হবে।

অমিত চক্রবর্তী
অদিতি ঘোষ দস্তিদার

# বিচারকদের কিছু কথা

কবিতা বিভাগ

সনেট বলতেই আমাদের মনে হয় ১৪ লাইনের কবিতা যাতে অন্ত্যমিল আছে আর প্রতিটি লাইনে মোটামুটি ভাবে ১০ সিলেবল । দু'ধরণের অন্ত্যমিল গঠন জনপ্রিয়তা পেয়েছেঃ ১) পেত্রার্কিয় বা ইটালিয়ান সনেট যেখানে সনেটটি দু' স্তবকে ভাগ, ৮ ও ৬ লাইনের আর অন্ত্যমিল চলে এই সূত্র ধরেঃ কখখক, কখখক (প্রথম ৮ লাইন), গঘঙগঘঙ অথবা গঘগঘগঘ (শেষ ৬ লাইন) এবং ২) শেক্সপিয়ারিয় বা ব্রিটিশ সনেট যেখানে সনেটটি চার স্তবকে ভাগ আর তার সঙ্গে শেষে অন্ত্যমিলসহ জোড়া লাইন। এই ধরনের সনেটে অন্ত্যমিল চলে এই সূত্র ধরেঃ কখকখ, গঘগঘ, চছচছ, জজ।

১৯৯৪ সালে আমেরিকান কবি ওয়ান্ডা কোলম্যান সূত্রপাত করেন “আমেরিকান সনেট”এর। এই সনেটে গাঁথুনি অনেক হাল্কা ধরনের, এতে পেত্রার্কিয় বা শেক্সপিয়ার-জাতীয় বাধ্যবাধকতা নেই বললেই চলে। মোটামুটিভাবে বললে, আমেরিকান সনেট ১৪-১৬ লাইন, অমিত্রাক্ষর, কোনো একটা থিম নিয়ে, কোনো একটা সঙ্গীতের অনুষঙ্গ আছে। আমেরিকান সনেটকে ইদানীং কালে আরো জনপ্রিয় করেছেন টেরান্স হেজ তাঁর “American Sonnets for My Past and Future Assassin” বইতে। এই বইটি ২০১৮ সালে আমেরিকার জাতীয় পুরস্কার প্রতিযোগিতায় কবিতা বিভাগে ফাইনালিস্ট হয়।

রঘুনাথ চক্রবর্তী স্মৃতি প্রতিযোগিতার জন্য কবিতাগুলিকে আমি আমেরিকান সনেটের কথা ভেবেই চেয়েছি। ১৪-১৬ লাইন হতে হবে আর রঘুনাথ চক্রবর্তীর প্রিয় বন্ধু ও পরে বিবাহসূত্রে শ্যালক বিখ্যাত গীতিকার ও সুরকার সলিল চৌধুরীর গানের অনুষঙ্গ থাকতে হবে। এই সূত্রে আমি আনতে চাই আর একটি নতুন বিষয় – "বাংলা সনেট" ১৪-১৬ লাইন, অমিত্রাক্ষর, কোনো একটা থিম নিয়ে, কোনো একটা সঙ্গীতের অনুষঙ্গ আছে। এই বিধি অনুসারে, এই বইয়ের বাছাই কবিতাগুলিকে আমরা বাংলা সনেট বলব যদিও, সঙ্গীতের অনুষঙ্গ এখানে অনেক বেশি বাঁধাধরা (সলিল চৌধুরীর গানের অনুষঙ্গ)।

এই রকম আঠাশটি বাঙলা সনেট আছে এই বইতে। পাঠকদের কবিতাগুলি ভাল লাগলেই আমাদের আসল খুশি।

অমিত চক্রবর্তী

ক্যানসাস, আমেরিকা যুক্তরাষ্ট্র

শ্রুতিনাটক বিভাগ

প্রয়াত রঘুনাথ চক্রবর্তীর স্মৃতির উদ্দেশ্যে, তাঁর পুত্র-কন্যা আয়োজিত রঘুনাথ চক্রবর্তী স্মৃতি প্রতিযোগিতায় নাটক বিভাগে একজন বিচারকের ভূমিকা পালন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।

নাটক পড়ে এবং তার মান বিচার করে কিছু সেরা নাটক বেছে নেওয়া অত্যন্ত দুরূহ কাজ। বিশেষত সব কটি নাটকই যেখানে বেশ উচ্চমানের। কিন্তু আয়োজকদের অনুরোধে সেই দুরূহ কাজটিই করতে হয়েছে।

আজকের দিনে যেখানে মৌলিক নাটকের বড়ই অভাব, সেক্ষেত্রে এই প্রতিযোগিতা নতুন নাট্যকারদের আরও বেশি করে উৎসাহ যোগাবে এবং আমাদের আরও নতুন প্রতিভাবান নাট্যকারের সন্ধান দেবে এই আশা করি।

সাধুবাদ জানাই আয়োজকদের এই উদ্যোগকেও।

দীপন রায়

নিউজার্সি, আমেরিকা যুক্তরাষ্ট্র

# প্রাক্‌কথন

শ্রীমতী অদিতি ঘোষ দস্তিদার শিল্পী মনস্ক এবং সাংস্কৃতিক কর্মী। তাঁর সাথে শ্রী অমিত চক্রবর্তীর অন্তরের প্রেরণা থেকেই এই প্রচেষ্টা। সুদুর আমেরিকা থেকে তাঁদের ঐকান্তিক প্রচেষ্টার পাশে থাকতে পেরে আমরা আনন্দিত। কবিতা ও নাটকের এই বইটি " যে বটগাছ সর্বকালীন" পাঠকদের ভালো লাগবে বলেই আমাদের বিশ্বাস।

ধন্যবাদান্তে

**সৌমেন চক্রবর্তী**

ভ্রমণপিপাসু প্রকাশনীর পক্ষে

৩১ জ্যৈষ্ঠ, ১৪২৯

(চলভাষ ঃ ৮৬৯৭১৬৬৭১৩)

# সূচিপত্র

## কবিতা


♠ **নেই সাম্রাজ্যের যুবরাজ** - অজন্তা রায় আচার্য ... ১০
♠ **ধর্মাবতার** - অমিত পাটোয়ারী ... ১১
♠ **বিরহের নিশি** - অনামিকা বসু ... ১২
♠ **ঠিকানা** - অপরাজিতা ভট্টাচার্য্য ... ১৩
♠ **মনমাতাল, সাঁঝসকাল** - অমিত চক্রবর্তী ... ১৪
♠ **গাড়িতে তুলে দাও সেই গ্রহ** - অমিত মজুমদার ... ১৫
♠ **বিকেলের রং** - কাঞ্চন রায় ... ১৬
♠ **সময় এসেছে** - তনুশ্রী ঘোষ ... ১৭
♠ **পৃথিবীর গাড়িটা থামাও** - তপশ্রী পাল ... ১৮
♠ **স্বীকারোক্তি** - দিলীপ মাশ্চরক ... ১৯
♠ **বিহ্বলতার সুর** - পার্থ ব্যানার্জী ... ২০
♠ **খেয়ালি সুর** - পারমিতা রাহা হালদার (বিজয়া) ... ২১
♠ **হেই সামালো ধান হো...** - বিকাশ চন্দ ... ২২
♠ **শ্যামলবরণী ওগো কন্যা** - বৈদূর্য্য সরকার ... ২৩
♠ **কথা কই কদম্বের কানে** - মিতা ঘোষ ... ২৪
♠ **ছদ্মবেশ** - মেঘনা চট্টোপাধ্যায় ... ২৫
♠ **গাড়িটা থামাও** - মৌসুমি চট্টোপাধ্যায় দাস ... ২৬
♠ **ফসফরাস** - মৌসুমি চৌধুরী ... ২৭
♠ **ভাঙ্গা বাঁশি** - রঞ্জনা বসু ... ২৮
♠ **নীলবর্ণ এলিয়েন** - রবীন বসু ... ২৯
♠ **মোনোলগ** - রাজেশ গঙ্গোপাধ্যায় ... ৩০
♠ **প্রেমকণা** - রিয়া ভট্টাচার্য ... ৩১
♠ **ঝড় বিষয়ক** - শান্তনু গুড়িয়া ... ৩২
♠ **লোকটা** - সমর্পিতা ঘটক ... ৩৩
♠ **এ জীবন** - সুদীপ কুমার চক্রবর্তী ... ৩৪
♠ **কাছের চাঁদ, দূরের চাঁদ** - সৌমন্তী সিনহাবাবু ... ৩৫
♠ **ভাসিয়ে দেব আমার গলি** - স্বপ্ননীল রুদ্র ... ৩৬
♠ **পাঁচিল** - স্বরূপ সিংহ রায় ... ৩৭

# নাটক


♠ **মহাসঙ্কটে ভূতকুল** - অদিতি ঘোষ দস্তিদার ... ৩৮
♠ **মুচমুচে পিঁয়াজি** - অরিন্দম ঘোষ ... ৪৭
♠ **দূরভাষ** - নন্দিতা মিশ্র চক্রবর্তী ... ৫৬
♠ **মৃত্যু শোণিত** - পায়েল চট্টোপাধ্যায় ... ৬৭
♠ **শেষদিনের লয়** - পারিজাত ব্যানার্জী ... ৭৬
♠ **জীবনের গন্ধ** - পিয়ালী ঘোষ ... ৮০
♠ **মহাবিদ্যা** - ময়না মুখোপাধ্যায় ... ৮৮
♠ **অনন্ত শান্তির দাহ** - মানসেন্দু সমাজপতি ... ৯৩
♠ **জুহাৎজু** - শরণ্যা মুখোপাধ্যায় ... ১০১
♠ **বীরাঙ্গনা** - শুভশ্রী সাহা ... ১১০
♠ **ভাষা-দিবস** - সংগ্রামী লাহিড়ী ... ১১৭
♠ **স্বপ্ন দেখে মন** - সমীরণ সরকার ... ১২১
♠ **আপোষহীন** - সুদীপ পাঠক ... ১৩৩
♠ **সবুজ ছাড়পত্র** - সুস্মিতা রায়চৌধুরী ... ১৪১
♠ **এই জীবন এই মায়া** - সৌমী আচার্য ... ১৪৯